রেজিস্ট্রার কার্যালয়
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং: +৮৮০২-৪৮১১২৪৪২।
Website: www.butex.edu.bd

Office of the Registrar
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208.
Phone No: +8802-48112442.
E-mail : registrar@butex.edu.bd

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ ০৫/২য় খন্ড/২০১৭/ তারিখ : ২৮/০৩/২০২৩

**বিষয়: ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ৬০তম কনভেনশনে অংশগ্রহন প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং- সদ/আইইবি/জি/কম-৬০/২০২৩/৪৫৭; তারিখ: ০৪/০৩/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ৬০তম কনভেনশন আগামী ১১-১৬ মে ২০২৩ আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে। এবারের কনভেনশনের প্রতিপাদ্য বিষয় Innovation Engineering in the 4th Industrial Revolution । কনভেনশনের অন্যান্য বিষয়ের মধ্যে অন্তর্ভূক্ত থাকবে Fourth Industrial Revolution: Preparedness in Society and Industry শীর্ষক জাতীয় সেমিনার। বিশ্বের বিভিন্ন দেশের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিসহ প্রায় ৬০০০ প্রকৌশলী কনভেনশনে অংশগ্রহণ করবেন। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** আগামী ১৩ মে ২০২৩, শনিবার, সকাল ১১:০০ ঘটিকায় আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত কনভেনশনের শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা আগামী ১৫ মে, ২০২৩, সোমবার বিকাল ৩:৩০ মিনিটে কনভেনশনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এই বিশ্ববিদ্যালয় থেকে যথাসম্ভব বেশী সংখ্যক প্রতিনিধি বিশেষ করে আইইবি সদস্যগণকে অংশগ্রহনের জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর কেন্দ্রীয় কাউন্সিলের পক্ষ থেকে অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, ৬০তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফি ২০০০/- টাকা আইইবি কর্তৃক নির্ধারণ করা হয়েছে (রেজিস্ট্রেশন ফি অংশগ্রহনকারী কর্তৃক পরিশোধ যোগ্য)।

এমতাবস্থায়, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ৬০তম কনভেনশনে অংশগ্রহনে আগ্রহী শিক্ষকগণকে আগামী ০৯/০৪/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার বরাবর জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আইইবি এর পত্র।

স্বাক্ষরিত/-
(কাবেরী মজুমদার)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ ০৫/২য় খন্ড/২০১৭/২৯১ তারিখ : ২৮/০৩/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ

১। সকল ডীন, বুটেক্স।
২। সকল বিভাগীয় প্রধান (বিভাগের সকল শিক্ষকগণকে অবগত করানোর অনুরোধসহ), বুটেক্স।
৩। প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), বুটেক্স।
৪। সহকারী রেজিস্ট্রার (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ভিসি অফিস, বুটেক্স।
৫। সংশ্লিষ্ট নথি।

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)

# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০
ফোন: ০২২২৩৩৮৯৪৮৫,০২২২৩৩৮৭৮৬০, ০২২২৩৩৮৬৩৩৬,০২২২৩৩৫৩৩৪৩,ফ্যাক্স :৮৮-০২২২৩৩৮২৪৪৭
E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org

স্মারক নং- সদ/আইইবি/.../২০২৩/৪৫৭ তারিখ ঃ ০৪/০৩/২০২৩ খ্রি.

ভাইস-চ্যান্সেলর
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয় ঃ **ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর ৬০তম কনভেনশনে প্রতিনিধি মনোনয়নের আমন্ত্রণ।**

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য অতীব আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর ৬০তম কনভেনশন ১১-১৬ মে ২০২৩ আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবারের কনভেনশনের প্রতিপাদ্য বিষয় **Innovative Engineering in the 4th Industrial Revolution**। কনভেনশনের অন্যান্য বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে **Fourth Industrial Revolution : Preparedness in Society and Industry** শীর্ষক জাতীয় সেমিনার। বিশ্বের ভ্রাতৃপ্রতিম বিভিন্ন দেশের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিসহ প্রায় ৬০০০ প্রকৌশলী ও প্রতিনিধি কনভেনশনে অংশগ্রহণ করবেন বলে আশা করা যাচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১৩ মে ২০২৩, শনিবার, সকাল ১১:০০ ঘটিকায় আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কনভেনশনের শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা আগামী **১৫ মে ২০২৩, সোমবার বিকাল ৩:৩০ মিনিটে** কনভেনশনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে।

উক্ত কনভেনশনে অংশগ্রহণ করার নিমিত্তে আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে যথাসম্ভব বেশী সংখ্যক প্রতিনিধি বিশেষ করে আইইবি সদস্যদেরকে প্রয়োজনীয় অনুমতি প্রদান এবং কনভেনশনকালীন সময়কে তাঁদের কার্যদিবস হিসেবে গণ্য করার জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর কেন্দ্রীয় কাউন্সিলের পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, ৬০তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফি ২০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে।

আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে মনোনীত প্রতিনিধিবৃন্দের তালিকা, নিম্নস্বাক্ষরকারীকে একটি অনুলিপিসহ আগামী **১৮ এপ্রিল** ২০২৩-এর মধ্যে নিম্ন ঠিকানায় পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**সম্মানী সম্পাদক**
**ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ**
**ঢাকা কেন্দ্র, শহীদ প্রকৌশলী ভবন, ৮/এ রমনা, ঢাকা-১০০০**
**ফোন ঃ ৮৮০-২২২২৩৩৮৭৮৫৫, ০১৭৮৯৭৯৬০৭৬**
**ফ্যাক্স ঃ ৮৮০-২-৯৫৫২৬৯৬, ই-মেইল : info.iebdc@gmail.com**
**ওয়েব সাইট ঃ iebconvention.org ; www.iebbd.org**

ইতোমধ্যে কনভেনশনের প্রি-রেজিস্ট্রেশন ফরম সম্মানিত সদস্যদের নিকট পাঠানো হয়েছে। আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিদের অবশ্যই আগামী **১৮ এপ্রিল ২০২৩**-এর মধ্যে প্রি-রেজিস্ট্রেশন ফরম উপরোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও ৬০তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফরম আইইবি'র ওয়েব সাইট www.iebconvention.org এবং www.iebbd.org তে পাওয়া যাবে।

আইইবি'র ৬০তম কনভেনশনকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সকলের আন্তরিক সাহায্য, সহযোগিতা ও সমর্থন আমাদের একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ.
সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, ঢাকা কেন্দ্র, আইইবি
২। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আইইবি
৩। চেয়ারম্যান/ সম্পাদক, সকল উপকেন্দ্র, আইইবি
৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল প্রকৌশলী সমিতি, আইইবি